# নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ হযরত মুহাম্মাদ (সাঃ) - মাদানী জীবন

রচয়িতা/সংকলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

বিদায়ী ত্বাওয়াফ এবং মদীনায় রওয়ানা (طواف الوداع والخروج إلى المدينة)

১৩ই যিলহাজ্জ মঙ্গলবার কংকর মেরে রাসূলুল্লাহ (ছাঃ) মিনা থেকে রওয়ানা হন। অতঃপর মিনা ও মক্কার মধ্যবর্তী তাঁর অবস্থানস্থল আবত্বাহ (الْأَبْطَحِ) গিয়ে অবতরণ করেন। যা বনু কেনানার প্রশস্ত মুহাচ্ছাব উপত্যকায় (الْمُحَصَّب) অবস্থিত। অতঃপর সেখানে তিনি সবাইকে নিয়ে যোহর, আছর, মাগরিব ও এশার ছালাত আদায় করেন। অতঃপর কিছুক্ষণ ঘুমিয়ে তিনি কা‘বা অভিমুখে রওয়ানা হন ও বিদায়ী ত্বাওয়াফ শেষ করেন’।[1] মুহাচ্ছাব পাঁচটি নামে পরিচিত : খায়েফ, মুহাচ্ছাব, আবত্বাহ, হাছবা ও বাত্বহা’ (মির‘আত হা/২৬৮৮-এর আলোচনা)।

উল্লেখ্য যে, মুহাচ্ছাব হ’ল সেই উপত্যকার নাম, যেখানে বসে বনু কিনানাহ ও বনু কুরায়েশ বয়কট চুক্তি করেছিল এই মর্মে যে, যতক্ষণ না বনু হাশেম ও বনু মুত্ত্বালিব মুহাম্মাদকে তাদের হাতে তুলে দিবে, ততক্ষণ পর্যন্ত তাদের সাথে ওঠা-বসা, বিয়ে-শাদী ও ব্যবসা-বাণিজ্য সবই নিষিদ্ধ থাকবে’।[2] ইতিহাসে এটি সর্বাত্মক বয়কট চুক্তি (الْمُقَاطَعَةُ الْعَامَّةُ) নামে পরিচিত। যা তিন বছর স্থায়ী হয় (দ্রঃ সংশ্লিষ্ট অনুচ্ছেদ)।

## ফুটনোট

[1]. বুখারী হা/১৭৫৬; মিশকাত হা/২৬৬৪।

[2]. বুখারী হা/১৫৯০; মুসলিম হা/১৩১৪।

Source — https://www.hadithbd.com/books/link/?id=5732

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন